



প্রথম আলো

প্রথম আলো, ২৯-০৯-২০২২, অনলাইন



ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে ক্যাম্পাসে নবীনবরণ অনুষ্ঠিত হয়। | ছবি : সংগৃহীত

ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে শীতকালীন সেমিস্টার ২০২২-এর নবীনবরণ অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার রাজধানীর আফতাবনগরে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এ আয়োজন হয়। নবীনবরণ শেষে শিক্ষার্থীদের জন্য আধুনিক সুবিধাসম্পন্ন ‘ফরাসউন্ডিন ভবন’ উন্মোচন করেন অতিথিরা।

বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে। নবীনবরণ অনুষ্ঠানে স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণির প্রায় ১ হাজার ৪০০ শিক্ষার্থী উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের নিয়মকানুন, শিক্ষা কার্যক্রম ও সুযোগ-সুবিধা সম্পর্কে ধারণা দেওয়া হয়। এ সময় শিক্ষা কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্ট শিক্ষক ও কর্মকর্তাদের সঙ্গে পরিচয় করিয়ে দেওয়া হয় শিক্ষার্থীদের।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক মোহাম্মদ ফরাসউন্ডিন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এম এম শহিদুল হাসান।

সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য অধ্যাপক মুহাম্মদ জিয়াউল হক। অনুষ্ঠানে আরও বক্তব্য দেন তিনটি অনুষদের ডিন। নবীনবরণ অনুষ্ঠান শেষে অত্যাধুনিক সুবিধাসম্পন্ন ১০তলা ‘ফরাসউন্ডিন ভবন’ উন্মোচন করা হয়।